গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
**Dinajpur Govt. College, Dinajpur**
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি ২০২১-২০২২/২০২২/০১ তারিখ: ২২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

**EIIN NO-120818**

## ভর্তি বিজ্ঞপ্তি

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২২/১৪৫৫(২) তারিখ: ০২/০১/২০২২ খ্রি. মোতাবেক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দিনাজপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:
২০১৯, ২০২০ ও ২০২১ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৯, ২০২০ ও ২০২১ সালে এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। আবেদনের জন্য ভর্তির যোগ্যতা:
২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম (এস.এস.সি./সমমানের পরীক্ষায়) জি.পি.এ. ৪.৮০, মানবিক শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:
শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১ ও ৩.৩ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।

৪। কোটা:
কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডের ম্যানুয়ালী ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালী আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপর্যুক্ত প্রমাণপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জি.পি.এ এক্ষেত্রে শিথিলযোগ্য হবে) ভর্তির ব্যবস্থা নিবে।

৫। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপে গ্রুপ নির্বাচন করতে পারবে:
(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি।

চলমান পাতা-০২

০৬/০১/২২

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি:

| ক্র: নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির জন্য On-line এর মাধ্যমে আবেদন গ্রহণ | ০৮/০১/২০২২ (শনিবার) থেকে ১৫/০১/২০২২ (শনিবার) |
| ৬.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১৭/০১/২০২২ (সোমবার) থেকে ২১/০১/২০২২ (শুক্রবার) |
| ৬.৩ | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তীত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ২২/০১/২০২২ (শনিবার) থেকে ২৩/০১/২০২২ (রবিবার) |
| ৬.৪ | পছন্দক্রম পরিবর্তনের তারিখ | আবেদনের তারিখ থেকে ২৪/০১/২০২২ (সোমবার) |
| ৬.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৯/০১/২০২২ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৬ | শিক্ষার্থীর Selection নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ১ম পর্যায়ের Selection আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ৩০/০১/২০২২ (রবিবার) থেকে ০৬/০২/২০২২ (রবিবার) |
| ৬.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৭/০২/২০২২ (সোমবার) থেকে ০৮/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ২য় পর্যায়ের Selection আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ১১/০২/২০২২ (শুক্রবার) থেকে ১২/০২/২০২২ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ১৩/০২/২০২২ (রবিবার) |
| ৬.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ৩য় পর্যায়ের Selection আবেদন বাতিল হবে) | ১৬/০২/২০২২ (বুধবার) থেকে ১৭/০২/২০২২ (বৃহস্পতিবার) |
| ৬.১৫ | ভর্তি | ১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার) |
| ৬.১৬ | ক্লাস শুরু | ০২ মার্চ, ২০২২ (বুধবার) |

**** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

৭। কলেজ ভর্তির আসন সংখ্যা: বিজ্ঞান-৪২৫, মানবিক-২০০, ব্যবসায় শিক্ষা-২০০।

৮। অনলাইন/এসএমএস এ ভর্তির আবেদনের জন্য করণীয়:

১. অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: **www.xiclassadmission.gov.bd**

২. অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলি কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৯। ভর্তি সংক্রান্ত তথ্যাদি দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর এর ওয়েবসাইটে পাওয়া যাবে:
**www.xiclassadmission.gov.bd** ও কলেজ ওয়েবসাইটের ঠিকানা: **www.dgc.edu.bd**
আবেদনকারীগণ নিম্নবর্ণিত পেমেন্ট অপারেটরের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবে।

**Payment Operators: 1.Nagad 2.Sonali Bank 3.Teletalk 4.bkash 5.Sure Cash 6. Rocket**

১০। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য মন্ত্রণালয় অথবা বোর্ড কর্তৃক সংযোজন ও বিয়োজন হতে পারে।
বিস্তারিত তথ্যের জন্য: ০১৭১৮৮২৩৯৫৮, ০১৭১৬২৮৬৫০৯, ০১৭২৫৭৪২৬৪৭, ০১৭১৯২০৪৬৮১।

প্রতি স্বাক্ষর

০৬.০২.2022

(প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

০৬/০২/২০২২

(মোঃ রাকিবুল ইসলাম)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২১-২০২২
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

০৬/০২/২২.